

এইচ টি ইমামের মৃত্যুতে শ্রম প্রতিমন্ত্রীর শোক
ঢাকা, ৪ মার্চঃ

প্রধানমন্ত্রী শেখ হাসিনার রাজনৈতিক উপদেষ্টা ও স্বাধীন বাংলাদেশের প্রথম মন্ত্রিপরিষদ সচিব হোসেন তৌফিক ইমাম (এইচ টি ইমাম)-এঁর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী বেগম মনুজান সুফিয়ান এমপি।

আজ এক শোক বার্তায় শ্রম প্রতিমন্ত্রী বলেন, এইচটি ইমাম দেশপ্রেম, বীরত্ব, মেধা ও অনন্য প্রতিভা এবং প্রগতিশীল চিন্তার জন্য নিজেই একজন অনুকরণীয় ব্যক্তিত্বের আসনে অধিষ্ঠিত করেছেন।

মুক্তিযুদ্ধকালীন সময়ে পাকিস্তান সরকারের চাকরিতে থাকা অবস্থায় পাকিস্তানের প্রতি আনুগত্য ত্যাগ করে মুক্তিযুদ্ধে যোগ দিয়ে তিনি শুধু সাহসিকতার দৃষ্টান্তই স্থাপন করেননি তিনি মুক্তিযুদ্ধের সময় প্রবাসী সরকারের মন্ত্রিপরিষদ সচিবের দায়িত্ব পালন করে প্রবাসি সরকারের কর্মকাণ্ডকে গতিশীল করেছিলেন। স্বাধীন বাংলাদেশের প্রথম মন্ত্রিপরিষদ সচিব হিসেবেও তিনি দেশ পুনর্গঠনে বঙ্গবন্ধুর সরকারের প্রশাসনিক কর্মকাণ্ডকে গতিশীল করতে ভূমিকা রেখেছেন।

প্রতিমন্ত্রী বলেন, এইচটি ইমামের মৃত্যুতে দেশ একজন প্রতিভাবান ব্যক্তিত্বকে হারালো আর আমরা হারিয়েছি একজন অতি আপনজন-অভিভাবক। মুক্তিযুদ্ধসহ বিভিন্ন ক্ষেত্রে তার অবদান তাকে অম্লান করে রাখবে যুগ যুগ। তার মৃত্যুতে যে শূন্যতার সৃষ্টি হয়েছে তা কোনদিনও পূরণ হবার নয়। শ্রম প্রতিমন্ত্রী মরহমের রুহের মাগফিরাত কামনা করেন ও শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

স্বাক্ষরিত/-

মো.আকতারুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা